**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 11-05-2025** **Desk in Charge : S.M./ SDG**
**Time : 7.50 PM** **Compiling : Shankar Mukherjee**
**DEO : KB** **NR : P. Biswakarma**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ সীমান্তপারের জঙ্গীদের শাস্তি দিতেই ‘অপারেশন সিন্দুর’ চালানো হয় এবং এতে শতাধিক জঙ্গীর মৃত্যু হয়েছে বলে ভারতীয় সেনাবাহিনীর DGMO লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই জানিয়েছেন। # শুধুমাত্র জঙ্গীদের লক্ষ্য করেই এই অভিযান বলে জানানো হয়েছে।

২/ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, ‘অপারেশন সিন্দুর’ শুধু একটা সামরিক অভিযান নয়, এটা ভারতের রাজনৈতিক, সামাজিক ও সামরিক শক্তির পরিচয়।

৩/ পহেলগাঁও জঙ্গী হামলা, অপারেশন সিন্দুর ও তার পরবর্তী পরিস্থিতি নিয়ে আলোচনা করতে বিরোধী নেতা রাহুল গান্ধী, সংসদের বিশেষ অধিবেশন ডাকতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিয়েছেন।

৪/ ভারত পাকিস্তানের মধ্যে সামরিক উত্তেজনার আবহে সমস্ত জেলায় আগামী তিন মাসের প্রয়োজনীয় খাদ্যদ্রব্য মজুদ রাখতে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে।

৫/ কলকাতা ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় তাপপ্রবাহ ও অস্বস্তিকর গরম বজায় থাকবে। # মঙ্গলবারের মধ্যে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু আন্দামান সাগরে প্রবেশ করতে পারে।

*************************************************************

ভারতীয় সেনাবাহিনীর DGMO -সামরিক তৎপরতা বিষয়ক মহা নির্দেশক লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই বলেছেন, 'অপারেশন সিন্দুর'-এ পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরের ৯'টি জঙ্গী ঘাঁটি ধ্বংস করা হয়েছে। শতাধিক জঙ্গী, এতে মারা পড়েছে। আজ সন্ধ্যায় নতুন দিল্লিতে এক সাংবাদিক বৈঠকে DGMO বলেন, নিহত জঙ্গীদের মধ্যে ইউসুফ আজাহার, আব্দুল মালিক রউফ ও মুদাসির আহমেদ রয়েছে, যারা কান্দাহার বিমান অপহরণ ও পুলওয়ামা বিষ্ফোরণের সঙ্গে যুক্ত ছিল।

( বাইট- রাজীব ঘাই )

তিনি বলেন, জঙ্গী ষড়যন্ত্রকারীদের শাস্তি দিতে এবং জঙ্গী পরিকাঠামো ধ্বংস করার স্পষ্ট সামরিক উদ্দেশ্য নিয়েই অপারেশন সিন্দুর-এর কথা ভাবা হয়েছিল। সীমান্ত পাড়ের জঙ্গী শিবির ও প্রশিক্ষণ কেন্দ্রগুলিকে নিখুঁতভাবে চিহ্নিত করে অত্যন্ত নির্দিষ্ট করে অপারেশন সিন্দুর চালানো হয়। পহেলগাঁও-এর নিরীহ ভ্রমণার্থীদের হত্যাকারীদের শাস্তি দিতেই এই অপারেশন বলে DGMO স্পষ্ট জানান।

লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই আরো বলেন, শুধুমাত্র জঙ্গীদের লক্ষ্য করেই এই অভিযান চালানো হয়। আনুসাঙ্গিক ক্ষয়ক্ষতি যাতে এড়ানো যায়, তার দিকেই নজর রাখা হয়েছিল। তিনি বলেন, জঙ্গী ঘাঁটিগুলির ওপর হামলার পরেই পাকিস্তান নিয়ন্ত্রণ রেখা অতিক্রম করে বিভিন্ন অসামরিক এলাকা, ধর্মীয় স্থান এবং জনবসতিপূর্ণ গ্রামের ওপর লাগাতার হামলা চালায়। এতে বেশ কিছু প্রাণহানিও হয়। অপারেশন সিন্দুর-এ ভারতীয় বায়ুসেনা গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। ভারতীয় নৌবাহিনীও এতে সহযোগিতা করে।

ডিরেক্টর জেনারেল অফ এয়ার অপারেশন্‌স DGAO এয়ার মার্শাল এ কে ভারতী সাংবাদিকদের জানান, খুব সতর্কতার সঙ্গে বাহাওয়ালপুর ও মুরিদকে-র ওই কুখ্যাত জঙ্গীদের প্রশিক্ষণ শিবির বাছাই করা হয়েছিল। নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে আঘাত হেনে জঙ্গীদের নিকেশ করতে বায়ুসেনা প্রয়োজনীয় সবরকম গুরুত্বপূর্ণ বিশ্লেষণের কাজ করে। আনুসঙ্গিক ক্ষয়ক্ষতি যাতে এরানো যায়, সেই কারণেই অত্যন্ত নির্দিষ্টভাবে আকাশ থেকে ভূমিতে নিক্ষেপযোগ্য অস্ত্র ব্যবহার করা হয়।

******************

ভারত-পাকিস্তান সংঘর্ষ বিরতির পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নিজের বাসভবনে গুরুত্বপূর্ণ বৈঠক করেন। উপস্থিত ছিলেন, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল, চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান, সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, নৌবাহিনীর প্রধান অ্যাডমিরাল দীনেশ ত্রিপাঠী, বায়ুসেনা প্রধান এয়ার চিফ মার্শাল অমরপ্রীত সিং। দু দেশের ডিজিএমও-রা আগামীকাল ফের কথা বলবেন বলে জানানো হয়েছে।

******************

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, 'অপারেশন সিন্দুর' শুধু একটা সামরিক অভিযান নয়, এটা ভারতের রাজনৈতিক, সামাজিক ও সামরিক শক্তির প্রতীক। আজ লাখনৌ-এ 'ব্রহ্মোস্' ক্ষেপণাস্ত্রের ভান্ডার ও নিক্ষেপ পরীক্ষা কেন্দ্রের ভার্চুয়ালি উদ্বোধন করে শ্রী সিং একথা বলেন। প্রতিরক্ষা মন্ত্রী আর জানান, 'অপারেশন সিন্দুর' সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের জোরালো মনোভাবের পরিচয় এবং দেশের সামরিক শক্তির সক্ষমতা ও প্রত্যয়ের প্রমাণ। ভারত দেখিয়ে দিয়েছে, সে যখন সন্ত্রাসবাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়, তখন সীমান্তের ওপারের সন্ত্রাসবাদী এবং তাদের প্রভুরাও নিরাপদ থাকবে না।

( বাইট- রাজনাথ ৭-৫০ )

******************

পহেলগাঁও-এ জঙ্গি হামলা, অপারেশন সিন্দুর সহ পরবর্তী পরিস্থিতি নিয়ে আলোচনা করতে লোকসভায় বিরোধী নেতা কংগ্রেসের রাহুল গান্ধী সংসদের বিশেষ অধিবেশন ডাকতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিয়েছেন। ওই বিশেষ অধিবেশন থেকেই চ্যালেঞ্জ মোকাবিলার উপযুক্ত ও সম্মিলিত সমাধানের পথ তৈরী হবে বলে শ্রী গান্ধী চিঠিতে উল্লেখ করেছেন। প্রধানমন্ত্রী গুরুত্বের সঙ্গে বিষয়টি বিবেচনা করবেন বলে চিঠিতে রাহুল গান্ধী আশা প্রকাশ করেছেন।

******************

এবারের স্পটলাইট-এর বিষয় 'WAVES'। অংশ নিয়েছেন অ্যানিমেট জোনের কো-ফাউন্ডার শুভ্র চক্রবর্তী। কথা বলেছেন কল্যাণ লাহা।

তিনটি পর্বে বিভক্ত এই আলোচনার তৃতীয় তথা শেষ পর্ব শুনবেন আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

তিনটি পর্বই পড়ে শুনতে পারবেন আমাদের ইউটিউব সহ সব সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

******************

ভারত পাকিস্তানের মধ্যে সামরিক উত্তেজনার আবহে সমস্ত জেলায় আগামী তিন মাসের প্রয়োজনীয় খাদ্যদ্রব্য মজুদ রাখতে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। শীঘ্রই তিনটি পর্যায়ে রেশনের বরাদ্দ হিসাবে জুন, জুলাই এবং আগষ্ট মাসের প্রয়োজনীয় খাদ্য দ্রব্য জেলায় জেলায় পাঠিয়ে দেওয়া হবে বলে জানানো হয়েছে। গতরাতে প্রতিটি রাজ্যের মুখ্যসচিবের সঙ্গে আপৎকালীন পরিস্থিতি নিয়ে ভার্চুয়াল কনফারেন্স করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব গোবিন্দ মোহন। এই বৈঠকের রেশ ধরেই আজ রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ, রাজ্য পুলিশের মহা নির্দেশক, সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিক, জেলাশাসক, পুলিস সুপার, পুলিস কমিশনারদের নিয়ে বৈঠক করেন। সেখানেই এই খাদ্যশস্য মজুদ রাখার নির্দেশ দেওয়া হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

এছাড়াও, বর্তমান পরিস্থিতিতে সিভিল ডিফেন্স ভলান্টিয়ারদের বিশেষ প্রশিক্ষণ বা রিফ্রেশার ট্রেনিং দেওয়া হবে বলে সিদ্ধান্ত হয়েছে। বর্তমান পরিস্থিতিতে সীমান্তবর্তী জেলাকে আরও বেশি সতর্ক থাকতে বলা হয়েছে।

এদিকে, আপৎকালীন পরিস্থিতির জন্য রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা কতটা প্রস্তুত রয়েছে তা নিয়ে জেলার স্বাস্থ্যকর্তাদের সঙ্গে আলোচনায় বসেন স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম।

******************

ভারত পাকিস্তান উত্তেজনার আবহে মুর্শিদাবাদের ভারত-বাংলাদেশ সীমান্ত সংলগ্ন দুর্গাপুর-বরোজডিহি গ্রামে একটি ড্রোন উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গিয়েছে, গতরাতে কিছু যুবক ওই ড্রোনটি পড়ে থাকতে দেখেন।

******************

ভারত থেকে চোরাপথে বাংলাদেশে যাওয়ার পথে সেদেশের দুই নাগরিককে গ্রেপ্তার করেছে পুলিশ। নড়াইল এলাকার বাসিন্দা ধৃত নাসির শেখ ও তারিফা বেগম বছর চারেক আগে অবৈধভাবে বাংলাদেশ থেকে ভারতে আসে। গতকাল গভীর রাতে স্বরূপনগরের সীমান্তবর্তী বিথারী এলাকা দিয়ে বাংলাদেশে ফিরতে গেলে সীমান্ত রক্ষী বাহিনীর জাওয়ানরা, তাদের ধরে ফেলেন। আজ তাদের স্বরূপনগর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

******************

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু আগামী মঙ্গলবারের মধ্যে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ এবং সংলগ্ন বঙ্গোপসাগর এলাকায় প্রবেশ করবে বলে, আবহাওয়া দপ্তর জানিয়েছে। অন্যান্য বারের তুলনায় কেরালাতেও এবার বর্ষার আগমন বেশ কয়েকদিন আগেই হবে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত।

( বাইট- সোমনাথ )

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা ২ দশমিক ৭ ডিগ্রী বেশি।

******************

পশ্চিম বর্ধমানের সালানপুরের বনজেমারি এলাকায় সিলিকোসিসে আক্রান্ত হয়ে এক যুবকের মৃত্যুর পর ক্ষতিপূরণের দাবিতে বিজেপির পথ অবরোধকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। মনিলাল হেমব্রম নামে বছর ২৪-এর ওই যুবকের গত জানুয়ারি মাসে সিলিকোসিস ধরা পড়ে। স্থানীয় একটি পাথর ভাঙ্গার কারখানায় কাজ করতেন তিনি। জেলা প্রশাসনের পক্ষ থেকে তাকে সিলিকোসিসের পরিচয় পত্র দেওয়া হয়েছিল।

এদিকে, যথাযথ ক্ষতিপূরণের দাবিতে রাস্তায় মৃতদেহ রেখে আজ বিকেলে পরিবারের লোকজনদের নিয়ে বিজেপি দেন্দুয়া মোড় অবরোধ করে বিক্ষোভ দেখায়। তাঁদের অভিযোগ, সিলিকোসিস রোগীর জন্য বরাদ্দ ভাতা মনিলাল পেতেন না। বিক্ষোভ তুলতে গেলে পুলিশের সঙ্গে বিজেপি কর্মীদের বচসা বাধে। তাঁদের দাবি, এলাকায় থাকা কলকারখানাগুলি থেকে মারাত্মকভাবে দূষন ছড়ালেও এগুলির বিরুদ্ধে কোনো

ব্যবস্থা নেয়নি রাজ্য সরকার বা দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ । পরে পুলিশের আশ্বাসে অবরোধ উঠে যায়।

******************

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ মাতৃদিবস উদযাপিত হচ্ছে। মায়েরা জীবনের প্রথম শিক্ষক। তাঁদের নিঃস্বার্থ ভালোবাসাকে সম্মান জানাতেই

প্রতিবছর এই দিনটি পালিত হয়। মায়েদের হাতে উপহার তুলে দিয়ে চলছে শুভেচ্ছা ও ভালোবাসা বিনিময়য়। **১৯১4** সালে তৎকালীন মার্কিন রাষ্ট্রপতি উড্রো উইলসন প্রতিবছর মে মাসের দ্বিতীয় রবিবারকে মাতৃ দিবস হিসেবে ঘোষণা করেন।

******************

উত্তর ২৪ পরগণার হাড়োয়ার কুলটি গ্রাম পঞ্চায়েতের মাখলা গ্রামে তৃণমূল কংগ্রেসের গোষ্ঠীদ্বন্দ্বের জেরে তিনজন আহত হয়েছেন।

গত কয়েকদিন ধরেই শাসকদলের দুই নেতার অনুগামীদের মধ্যে গণ্ডগোল চলছে বলে স্থানীয়দের অভিযোগ। বিরোধ চরমে পৌঁছলে আজ একদল ব্যক্তি কারিবুল্লা মোল্লা নামে এক তৃণমূল নেতাকে মারধোর করে বলে জানা গেছে।

*********************************************************************